



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 2/2/2024

গভর্নর ক্যাথি হোকল

গভর্নর হোকল নিউ ইয়র্ক স্টেট পার্কস শতবর্ষ উপলক্ষে "শেয়ার ইয়োর স্টোরি" প্রকল্প ঘোষণা করলেন

এই শতবর্ষের বছর জুড়ে স্মৃতি ভাগাভাগি করে নেওয়ার মাধ্যমে স্টেট পার্কসের 100 বছর উদযাপন করার জন্য নিউ ইয়র্কবাসীদের আমন্ত্রণ জানানো হচ্ছে

ক্যাম্পেইনটি হলো নিউ ইয়র্ক স্টেটের পার্ক ও ঐতিহাসিক স্থানসমূহের 2024 সালের বহুমুখী উদযাপনের অংশ

এটি কীভাবে কাজ করবে তা জানার জন্য শতবর্ষের 'শেয়ার ইয়োর স্টোরি' [ভিডিওটি](#) দেখুন

গভর্নর ক্যাথি হোকল আজকে ডিজিটাল "শেয়ার ইয়োর স্টোরি" প্রকল্প ঘোষণা করলেন এবং জনগণকে নিউ ইয়র্ক স্টেট পার্ক এবং ঐতিহাসিক স্থানে তাদের অভিজ্ঞতার স্মৃতিচারণমূলক গল্প, ছবি ও ভিডিও শেয়ার করার জন্য আমন্ত্রণ জানালেন। পার্ক, বিনোদন এবং ঐতিহাসিক সংরক্ষণ অফিসের (Office of Parks, Recreation and Historic Preservation, OPRHP) শতবর্ষ উদযাপন করার জন্য পুরো 2024 সালজুড়ে এই মাল্টিমিডিয়া ক্যাম্পেইনটি চলবে।

"স্মৃতি তৈরি, শেখা ও ঘুরে দেখা, এবং আনন্দ করার জন্য 100 বছর ধরে নিউ ইয়র্কবাসীরা স্টেট পার্ক এবং ঐতিহাসিক সাইটসমূহে বেড়াতে এসেছে," **গভর্নর হোকল বলেন।** "এই প্রকল্পটি হলো একত্রিত হয়ে সেই স্মৃতির প্রতিফলন করার, একে অন্যের গল্প শোনার, এবং নিউ ইয়র্ক স্টেটের সর্বাধিক উল্লেখযোগ্য পরিবেশগত ও সাংস্কৃতিক লিগেসিসমূহের একটি এবং আমাদের জীবনে এর ভূমিকা উদযাপন করার একটি সুযোগ। কুণ্ঠিত হবেন না, আপনার গল্প শেয়ার করুন।"

মানুষ কীভাবে তাদের গল্প শেয়ার করতে পারবে তার জন্য নিউ ইয়র্ক স্টেট পার্কস একাধিক পদ্ধতি তৈরি করেছে, যা বিস্তারিতভাবে [শেয়ার ইয়োর স্টোরি ওয়েবপেজে](#) ব্যাখ্যা করা আছে। stories@parks.ny.gov এ লেখা, ছবি, এবং ভিডিও ইমেইল করা যাবে। মানুষ #NYStateParksStory হ্যাশট্যাগটি ব্যবহার করে ফেসবুক, ইনস্টাগ্রাম, বা X এ পোস্ট করতে পারবে। এছাড়াও তারা সর্বোচ্চ 500 শব্দের শুধু শব্দ দিয়ে লেখা গল্প parks.ny.gov/100/story এ প্রেরণ করতে পারবে।

এছাড়াও পুরো 2024 সালজুড়ে, জনগণের কাছে একে অন্যের গল্প শোনার সুযোগ থাকবে। নিউ ইয়র্ক স্টেট পার্কসের ইনস্টাগ্রাম, ফেসবুক, এবং X চ্যানেলে, @NYStateParks এ গল্পগুলি শেয়ার করা হবে। এছাড়াও নিউ ইয়র্ক স্টেট পার্কসের ব্লগ nystateparks.blog এ; নিউ ইয়র্ক স্টেট পার্কসের ওয়েবসাইট parks.ny.gov এ গল্পগুলি পোস্ট করা হবে; এবং নিউজলেটার ইমেইল করা হবে।

"পার্ক ও সাইটে আমাদের কর্মী এবং জনগণের তৈরি করা স্মৃতির কথা তাদের কাছ থেকে শুনতে পারা কমিশনার হিসেবে আমি সর্বদাই উপভোগ করি," বলেন পার্কস কমিশনার এরিক কুলেসিড। "আমাদের শতবর্ষ উদযাপনের পরিকল্পনা শুরুর সময় থেকেই আমাদের মনে হয়েছে যে মানুষকে তাদের স্মৃতি শেয়ার করার সুযোগ প্রদান করা গুরুত্বপূর্ণ। শেয়ার ইয়োর স্টোরি প্রকল্প শুরু হওয়া দেখতে পেরে আমি গর্বিত। পুরোনো কথা চিন্তা করা, বন্ধু ও পরিবারের সাথে যোগাযোগ করা, পুরোনো ছবির অ্যালবাম বের করা, পুরোনো এক্সটার্নাল হার্ড ড্রাইভ প্লাগ ইন করা, এবং অন্য নিউ ইয়র্কবাসীদের সাথে নিজেদের গল্প শেয়ার করার জন্য আমি সকলকে আমন্ত্রণ জানাচ্ছি।"

পুরোনো স্মৃতি মনে করিয়ে দেওয়ার জন্য, স্টেট পার্কসের সোশ্যাল মিডিয়া চ্যানেলগুলিতে (@nystateparks) নিয়মিত "স্টোরি স্পার্কস" পোস্ট করা হবে, এবং সেই সাথে শতবর্ষ ইমেইল নিউজলেটার প্রেরণ করা হবে। পার্ক ও সাইটের কর্মীরা একটি ভিডিও সিরিজে নিজেদের স্মৃতি শেয়ার করবে যা আগামী সপ্তাহগুলিতে শুরু হবে। এছাড়াও একাধিক বিশিষ্ট নিউ ইয়র্কবাসী একটি ভিডিও সিরিজে নিজেদের স্মৃতি শেয়ার করবে যা বছরের শেষের দিকে শুরু হবে। শেয়ার ইয়োর স্টোরিজে অংশগ্রহণ করা হলো ডিসেম্বরে ঘোষণা করা শতবর্ষ চ্যালেঞ্জের একটি মিশন।

নিউ ইয়র্ক স্টেট পার্ক, বিনোদন ও ঐতিহাসিক সংরক্ষণ অফিস 250 এর বেশি পার্ক, ঐতিহাসিক সাইট, বিনোদন ট্রেইল, গলফ কোর্স এবং বোট লঞ্চার রক্ষণাবেক্ষণ করে, যেসব স্থানে 2022 সালে 79.5 মিলিয়ন মানুষ বেড়াতে এসেছে। এর মধ্যে যেকোনো বিনোদন এলাকা সম্পর্কে আরো তথ্যের জন্য, parks.ny.gov ভিজিট করুন, বিনামূল্যে NY স্টেট পার্কস এক্সপ্লোরার মোবাইল অ্যাপটি ডাউনলোড করুন বা 518.474.0456 নম্বরে ফোন করুন। পুরো 2024 জুড়ে শতবর্ষ উদযাপনে আমাদের সাথে যোগদান করুন, এবং [ফেসবুক](https://www.facebook.com/nystateparks), [ইনস্টাগ্রাম](https://www.instagram.com/nystateparks), [টুইটার](https://twitter.com/nystateparks), এবং [OPRHP ব্লগের](http://www.oprhp.org) মাধ্যমে আমাদের সাথে সংযুক্ত হন।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে
টেক্সট পাঠান

[আনসাবস্কাইব করুন](#)